ভূতচৈতন্যবাদ :

চার্বাক মতে, ভূতচতুষ্টয় থেকে চৈতন্যের উৎপত্তি ঘটেছে। জড়বাদী চার্বাক দর্শনে দাবী করা হয় জড়ই হল একমাত্র চরম ও পরম তত্ত্ব, যা থেকে জগতের যাবতীয় বস্তুর উৎপত্তি হয়, তাঁদের মতে, ক্ষিতি অপ তেজ ও মরুৎ এই চারটি মহাভূতের প্রত্যক্ষ গ্রাহ্য স্থূল পরমাণুগুলি আপন আপন স্বভাব নিয়ম অনুসারে বিশেষ সংমিশ্রণের ফলে জীবদেহ গঠিত হয় এবং চতুর্ভূতের এই স্বভাব নিয়মে জীবদেহে চৈতন্যের আবির্ভাব ঘটে। ফলে স্থূল চতুর্ভূতই হল চৈতন্যের কারণ, দেহ ভিন্ন কোথাও চৈতন্যের আলাদা কোন সত্তা থাকতে পারে না, চৈতন্য হল দেহের উপবস্তু, ফলে দেহের উৎপত্তিতে চৈতন্যের উৎপত্তি এবং দেহের বিনাশে চৈতন্যের বিনাশ ঘটে, অন্তর ইন্দ্রিয়ের দ্বারা এই চৈতন্যকে প্রত্যক্ষানুভবে জানা সম্ভব, এক্ষেত্রে বলা যায় চারটি স্থূল মহাভূত হল চৈতন্যের কারণ, এই প্রকার মতবাদ চতুর্ভূতের বিশেষ সংমিশ্রণে জীবদেহে চৈতন্য নামক গুণের আবির্ভাব হয় বলে এই মতবাদকে ভূতচৈতন্যবাদ বলা হয়,

উপরিউক্ত বক্তব্য থেকে ভূতচৈতন্যবাদের মতগুলি বৈশিষ্ট্যের উল্লেখ করা যায় এভাবে:

১। চারটি স্থূল মহাভূতের যথা ক্ষিতি অপ, তেজ ও মরুতের) সংমিশ্রণে এদের স্বভাব অনুসারে দেহের মধ্যে চৈতন্যের আবির্ভাব ঘটে,

২। চৈতন্য হল দেহের গুণ,

৩। চৈতন্য হল দেহের উপবস্তু,

৪। দেহ ছাড়া চৈতন্যের অস্তিত্ব সম্ভব নয়,

৫। দেহই হল চৈতন্যের কর্তা

— x —

Atasi Mahapatra | B.A. Hons | Philosophy | Sem-1 | CC-1